গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম
(সংস্থাপন শাখা)
www.chittagong.gov.bd

স্মারক নম্বর-০৫.৪২.১৫০০.২০৩.২৮.০০৮.২১- ৩২৫

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
১০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ

"নিয়োগ বিজ্ঞপ্তি "

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ১১ মার্চ ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২৩.১৬-৮৪ সংখ্যক স্মারক ও বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম এর ০৯ জুন, ২০২১খ্রি. তারিখের ০৫.৪২.০০০০.০০৩.০৩.০০৬.২১-৭০ সংখ্যক স্মারক পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম এবং এর অধীনস্থ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য জাতীয় বেতন স্কেল, ২০১৫ মোতাবেক অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নম্বর	পদের নাম	পদের সংখ্যা	গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা
০১।	সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	০৯ (নয়) টি	গ্রেড-১৪ ১০২০০-২৪৬৮০/-	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা উহার সমমানের ডিগ্রি; খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং- এ দক্ষতা গ) কম্পিউটার হার্ডওয়ার বিষয়ে বেসিক ধারণা; এবং ঘ) সাঁটলিপি লিখনের গতি প্রতি মিনিটে বাংলা ৫০ ও ইংরেজি ৮০ শব্দ। (ঙ)কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে word Processing/Data Entry ও typing সর্বনিম্ন গতি প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে।
০২।	সার্টিফিকেট সহকারী	০৭(সাত)টি	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং গ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে word Processing/Data Entry ও typing সর্বনিম্ন গতি প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে।

আবেদনের শর্তাবলী

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীর বয়সসীমা আগামী **০৫-০৭-২০২১ খ্রি.** তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত / প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সকল সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;

খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;

গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

ঘ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র;

ঙ) প্রার্থীর সাথে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কোর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

চ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ছ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

জ) আনসার ও গ্রামপ্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা কমানডেন্ট আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঝ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসকর কার্যালয় কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্র;

ঞ) প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ /প্রমাণপত্রের সনদ;

ট) ডাউনলোডকৃত Applicant copy এর সত্যায়িত কপি;

ঠ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

ড) কম্পিউটার ও শর্টহ্যান্ড এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র।

০৫। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৬। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

০৭। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

০৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯। উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় এবং লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১০। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১১। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১২। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১৪। কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করা যাবে। একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ

১৫। ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcctg.teletalk.com.bd এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরুর তারিখ: ১৩-০৬-২০২১, সকাল ১০.০০ টা এবং শেষ তারিখ: ০৫-০৭-২০২১ বিকাল ০৫.০০টা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) এ রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়াবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য জনপ্রতি ১ ও ২ নম্বর ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে "Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: DCCTG <space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: DCCTG ABCDEF & send to 16222

দ্বিতীয় SMS: DCCTG <space>Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: DCCTG Yes 12345678 & send to 16222

চ) **প্রবেশপত্রঃ** প্রাপ্তির বিষয়টি http://dcctg.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন)করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে DCCTG <space>Help<space>User<space>User ID & send to 16222

Example: DCCTG Help User ABCDEF & send to 16222

ii) PIN Number জানা থাকলে DCCTG <space>Help <space>PIN <space> PIN No & send to 16222

Example: DCCTG Help PIN 1234567 & send to 16222

(ঝ) নিয়োগ পরীক্ষার তারিখ, সময়, পরীক্ষার ফি প্রদান ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি http://dcctg.teletalk.com.bd এবং www.chittagong.gov.bd website এ পাওয়া যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে vas.quary@teletalk.com.bd বা dcchittagong @mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

মোহাম্মদ মমিনুর রহমান
জেলা প্রশাসক
চট্টগ্রাম
ফোন: ০৩১-৬১৯৯৯৬, ফ্যাক্স: ০৩১-৬৩৫২৭২
ই-মেইল:dcchittagong @mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪২.১৫০০.২০৩.২৮.০০৮.২১- ৩২৫/১(১৫১)

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
১০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৫। রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, চট্টগ্রাম
০৬। জেলা প্রশাসক ....(সকল)
০৭। উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা এবং সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, চট্টগ্রাম
০৮। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব ও সদস্য সচিব, বিভাগীয় বাছাই কমিটি, চট্টগ্রাম বিভাগ
০৯। সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্মকমিশন, আঞ্চলিক কার্যালয় ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
০২। পুলিশ সুপার, চট্টগ্রাম
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম
০৪। সিভিল সার্জন, চট্টগ্রাম
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,..............................(সকল), চট্টগ্রাম জেলা
০৬। উপজেলা নির্বাহী অফিসার,.......................(সকল), চট্টগ্রাম
০৭। মেয়র,.............................পৌরসভা (সকল), চট্টগ্রাম জেলা
০৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম
০৯। সহকারী কমিশনার (ভূমি),........................(সকল)/সার্কেল, চট্টগ্রাম
১০। সহকারী কমিশনার, আইসিটি শাখা, এ কার্যালয়, চট্টগ্রাম
১১। প্রোগ্রামার, এ কার্যালয়, চট্টগ্রাম [বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
১২। উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, চট্টগ্রাম
১৩। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, চট্টগ্রাম
১৪। ডেপুটি জেনারেল ম্যানেজার, মার্কেটিং এন্ড ভ্যাট, টেলিটক বাংলাদেশ লি:
১৫। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, প্লট নং- ৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা উক্ত বিজ্ঞাপনটি ১১-০৬-২০২১ তারিখের মধ্যে (১২ইঞ্চি×৬ইঞ্চি) সাইজের ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য তার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করে ০৫(পাঁচ) কপি জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো
১৬। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক পূর্বকোণ, ৯৭১/এ, সিডিএ এভিনিউ, পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম। উপরিউক্ত বিজ্ঞাপনটি ১১-০৬-২০২১ তারিখের মধ্যে (১২ইঞ্চি×৬ইঞ্চি) সাইজের ০১ (এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে প্রকাশ করে পত্রিকার ০৫(পাঁচ) কপি জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো
১৭। নোটিশ বোর্ড/অফিস কপি

মোহাম্মদ মমিনুর রহমান
জেলা প্রশাসক
চট্টগ্রাম